ফাতওয়া নাম্বার: ২৯

তারিখ: ০৬-০৬-২০২০ ইংরেজি

বিকাশ করে কোনো কিছু কিনলে যে ডিসকাউন্ট দেয়, তা কি হালাল হবে?

প্রশ্ন:

বিকাশ করে কোনো কিছু কিনলে যে ডিসকাউন্ট দেয়, তা কি হালাল হবে?

সাজ্জাদুর রহমান

উত্তর:

بسم الله الرحمن الرحيم

জি, বিকাশে লেনদেন করে কোনো কিছু ক্রয় করলে যে ডিসকাউন্ট পাওয়া যায়, তা ভোক্তার জন্য হালাল। পণ্যের মূল্য মালিক চাইলে যে কোনো ভাবেই ছাড় দিতে পারে।

উল্লেখ্য, বর্তমানে বিকাশ একাউন্ট খুললে সুদের অপশন আলাদা করে বন্ধ করতে হয়। অন্যথায় তা সুদি একাউন্ট হিসেবে গণ্য হয় এবং কিছু শর্ত সাপেক্ষে তাতে সঞ্চিত অর্থের উপর সুদ জমা হয়। বলা বাহুল্য, সুদি একাউন্ট খোলাও হারাম।

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি

১৩ ই শাওয়াল, ১৪৪১ হি.
৬ ই জুন, ২০২০ ইং